



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি তিতুমীর কলেজ
ঢাকা।



স্মারক: সতিক/

তারিখ : ০৩/০৩/২০২১

বিজ্ঞপ্তি

সরকারি তিতুমীর কলেজের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উপলক্ষ্যে আগামী ০৭/০৩/২০২১ তারিখ, রবিবার সন্ধ্যা ৭:৩০ মিনিটে ভারুয়াল প্লাটফরমে দেশাত্ববোধক গান ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আগ্রহী শিক্ষার্থীদেরকে আগামী ০৬/০৩/২০২১ তারিখ দুপুর ১২:০০টার মধ্যে [titumirstat@gmail.com](mailto:tikumirstat@gmail.com) এই ই-মেইল ঠিকানায় নাম, শিক্ষাবর্ষ, বিভাগ, রোল নম্বর ও মোবাইল নম্বর প্রেরণ করার জন্য বলা হলো।

প্রতিযোগিতার বিষয়	বিবরণ
কবিতা	কবি নির্মলেন্দু গুণ এর 'স্বাধীনতা, এই শব্দটি কিভাবে আমাদের হল' কবিতার নির্বাচিত অংশ
দেশাত্ববোধক গান	প্রতিযোগীর পছন্দ অনুযায়ী দেশাত্ববোধক গান

বিঃদ্র: জুম আইডি ও পাস কোড যথাসময়ে জানিয়ে দেয়া হবে।

অধ্যক্ষ

সরকারি তিতুমীর কলেজ
ঢাকা।

কপি বন্টন :

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ
৩. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র কলেজ
৪. প্রধান সহকারী/হিসাবরক্ষক, অত্র কলেজ
৫. সংরক্ষণ নথি।

স্বাধীনতা, এই শব্দটি কিভাবে আমাদের হল

-নির্মলেন্দু গুণ

একটি কবিতা লেখা হবে তার জন্য অপেক্ষার উত্তেজনা নিয়ে
লক্ষ লক্ষ উন্মত্ত অধীর ব্যাকুল বিদ্রোহী শ্রোতা বসে আছে
ভোর থেকে জনসমুদ্রের উদ্যান সৈকতে: 'কখন আসবে কবি?'

একটি কবিতা পড়া হবে, তার জন্যে কী ব্যাকুল
প্রতীক্ষা মানুষের: "কখন আসবে কবি?" "কখন আসবে কবি?"

শত বছরের শত সংগ্রাম শেষে,
রবীন্দ্রনাথের মতো দৃষ্ট পায়ে হেঁটে
অতঃপর কবি এসে জনতার মঞ্চে দাঁড়ালেন।
তখন পলকে দারুণ বালকে তরীতে উঠিল জল,
হৃদয়ে লাগিল দোলা, জনসমুদ্রে জাগিল জোয়ার
সকল দুয়ার খোলা। কে রোধে তাঁহার বজ্রকণ্ঠ বাণী?
গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তাঁর অমর-কবিতাখানি:
'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম,
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।'

সেই থেকে স্বাধীনতা শব্দটি আমাদের।